

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৮১.২০১৭/৪২

তাং ২২-০৬-২০১৭খ্রিঃ।


বিষয় : মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়ের প্রসঙ্গে।

সূত্র : উপজেলা-১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫০.২০১৪-৭১০ তাং- ০৪ জুন, ২০১৭ খ্রিঃ।

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু সোলায়মান সরকার এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে এ বিভাগের ১৮/১১/২০১৪ তারিখের ১১০৬ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ দায়ের করা হয়। মাননীয় আদালত কর্তৃক রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য উপজেলা-১ শাখা হতে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৫২৮৪/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি বেসরকারী আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্ত : ----- ফর্দ।


২২.৬.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯৫

শেখ শফিক মাহমুদ পুষ্প
প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপসচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। অফিস কপি/মাষ্টার কপি।